Bengali

ভয়ঙ্কর সাপ

রচনা- ডাঃ মহম্মদ সাজিদ খান

চিত্রাঙ্কন- মেধা অরুণ



Stories speak...!

Stories are the heartbeat of life, weaving together the bittersweet moments that shape our existence. They ignite our spirit, empower us to face life's challenges, and guide us through the complexities of the world. From the digital age to women's rights, from nature conservation to the pursuit of livelihood, and from embracing life's trials to exercising our right to vote – these stories illuminate the path to a meaningful life. Stories woven around 'Critical Life Skills' not only entertain but also cultivate wisdom, enhance our reasoning, and teach us the art of making informed and thoughtful decisions. Step into the narrative, reflect deeply, and let the stories lead you forward!

Coordinator: Prof. Usha Sharma, Professor & In-charge, Cell for National Centre for Literacy, NCERT, New Delhi

Writer: Dr. Mohd. Sajid Khan

Illustrations: Megha Arun

Typography: Diotima Mondal, Visualiser, Animation & Multimedia Department, BIT Jaipur

Layout: Mohd. Nazim, Designer

Translation: Central Institute of Indian Languages, Mysore

Reviewer: Central Institute of Indian Languages, Mysore

Guidance: Prof. Nina Sabnani, Animator and Guest Faculty, Department of Design, IIT Hyderabad

Acknowledgements:

Akshay Kumar Dixit, Mentor Teacher, Delhi Administration

Shyam Singh Sushil, Writer

Dr. Vibhuti Pandya, Head, Animation & Multimedia Department, BIT Jaipur

Gautam Goswami, Assistant Professor, Animation & Multimedia Department, BIT Jaipur

IIT Hyderabad: Dr. Prasad S. Onkar, Associate Professor and Head, Department of Design; Prof. Deepak John Matthew, Professor, Department of Design; Delwyn Jude Remedios, Assistant Professor, Department of Design; Ankita Roy, Assistant Professor, Department of Design; Dr. Mohd. Shahid, Assistant Professor, Department of Design; Dr. Saurav Deori, Assistant Professor, Department of Design; Dr. Shuhita Bhattacharjee, Assistant Professor, Department of Liberal Arts

Mohd. Shah Alam, Senior Consultant (ICT), Cell for National Centre for Literacy, NCERT

Bhawna Khera, Junior Project Fellow, Cell for National Centre for Literacy, NCERT

उल्लास
ULLAS
जन जन साक्षर
नव भारत साक्षरता कार्यक्रम

ভয়ঙ্কর সাপ

রচনা

ডাঃ মহম্মদ সাজিদ খান

চিত্রাঙ্কন

মেধা অরুণ



राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्

NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

প্রতি সন্ধ্যার মতো আজও কবিতা রান্নার জন্য ঘুটে আনতে গিয়েছিল।
তখনই একটা সাপের লেজের ওপরে তার পা পড়ে।
নিজেকে বাঁচাতে সাপটি কবিতাকে কামড়ে দেয়।

কি বললে? কবিতাকে সাপে কামড়েছে?

হ্যাঁ দাদা। তাড়াতাড়ি চলো।

হে ভগবান! ওকে রক্ষা কর।
এই কথা বলতে বলতে প্রদীপ বাড়ির দিকে দৌড়ে গেল।

প্রদীপ বাড়ির দরজায় দাঁড়িয়ে থাকা ভিড় ঠেলে ভেতরে গেল।


কামড়ের দাগের উপর শঙ্কর কাকা একটা গামছা শক্ত করে বেঁধে রেখেছিলেন। কবিতা প্রায় অজ্ঞান হয়ে পড়ছিল।
প্রদীপ বুঝতে পারছিলো না যে সে কি করবে।
তাড়াহুড়ো করে সবাই তাকে গ্রামের তারানাথ ওঝার কাছে নিয়ে গেল।

ওঝা মন্ত্র পড়তে লাগল, কিন্তু কবিতার শরীরে কোনো সাড় এল না। তারপরে ওঝা তার মুখে পাঁচন ঢালার চেষ্টা করল কিন্তু দাঁতে দাঁত লেগে যাওয়ার কারণে পুরো পাঁচনটাই মুখ থেকে বেরিয়ে গেল।

দাঁড়ান....!
এটা আপনি কি করছেন?
ওঝা থমকে গেল। সবাই হতভম্ব হয়ে ফিরে তাকাল। রেখা সেখানে দাঁড়িয়ে ছিল। সে হল গ্রাম প্রধানের মেয়ে আর সে শহরে পড়াশোনা করত। সাপ ও অন্যান্য প্রাণী সম্পর্কে তার অনেক জ্ঞান।
এভাবে কাকি কখনও সুস্থ হতে পারবে না। ওনাকে তাড়াতাড়ি হাসপাতালে নিয়ে চল।
কেন সুস্থ হবে না? আর হাসপাতালে ওর কিছু হলে কে তার দায় নেবে?
শঙ্কর কাকার কথা শুনে ওঝা প্রচণ্ড রাগী চোখে রেখার দিকে তাকালেন কিন্তু রেখা তার কথায় অনড়।
আমার কথা শুনুন। কাকির চিকিৎসা শুধু হাসপাতালেই করা যাবে। আর দেরি করবেন না।
হয়তো তুমি ঠিক কথাই বলছো। একবার ডাক্তার দেখাতে তো কোনো ক্ষতি নেই?

আসুন, সময় নষ্ট না করে ওনাকে পাশের গ্রামের স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাই।
স্বাস্থ্য কেন্দ্রে পৌঁছানোর সাথে সাথেই রেখা জরুরি বিভাগে খবর দিয়ে কবিতাকে ভর্তি করিয়ে দিল।
আপনারা চিন্তা করবেন না আর চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত সামনের হলে গিয়ে বসুন।

ডাক্তারবাবু চিকিৎসা শুরু করলেন এবং কবিতাকে অ্যান্টি-ভেনম ইনজেকশন দিলেন।


ততক্ষনে সন্ধ্যা গড়িয়ে রাত হয়ে গেছে। কিন্তু তখনও সবাই ভয়ে কাঁটা হয়ে দাঁড়িয়েছিল। তার ওপর এটা আবার গ্রামের ব্যাপার।
ধীরে ধীরে কবিতার অবস্থার উন্নতি হতে থাকে এবং তার জ্ঞান ফিরে আসে।

আপনি ওনাকে সঠিক সময়ে এখানে না নিয়ে এলে রোগীর মৃত্যু হতে পারত।
আসলে, আপনারা এমন জায়গায় থাকেন যেখানে সাপ থাকার সম্ভাবনা খুব বেশি।
সাপ সাধারণত লম্বা ঘাস, ছড়িয়ে থাকা সারের বস্তা, শুকনো পাতা, কাঠ এবং গোবরের স্তূপে বাস করে। তাই, নিজেদের নিরাপত্তার জন্য আপনাদের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন। আপনারা নিজেদের মোবাইল ফোনেও এই তথ্য দেখতে পারবেন।

আর, যদি কখনও এমন সমস্যা হয়, তাহলে ওঝার কাছে না গিয়ে স্বাস্থ্য কেন্দ্রেই আসবেন।

শঙ্কর কাকা মোবাইল ফোন বের করে সাপ সংক্রান্ত তথ্য খুঁজতে লাগলেন।

কবিতা এখন আগের চেয়ে অনেকটাই ভালো বোধ করছিলেন। ডাক্তারবাবুকে ধন্যবাদ জানিয়ে প্রদীপ, রেখা ও গ্রামের বাকি লোকেরা বাড়ি ফেরার জন্য বেরিয়ে পড়লেন।

सा विद्या या विमुक्तये

CELL FOR NATIONAL CENTRE FOR LITERACY

राष्ट्रीय साक्षरता केंद्र–प्रकोष्ठ















Story Books

Based on Critical Life Skills





















विद्यया ऽमृतमश्नुते

एन सी ई आर टी
NCERT

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING